দৈনিক বাংলা
103
7/3/82
। কলাম ৩

# অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের পুনর্নিয়োগ করা হবে না

(স্টাফ রিপোর্টার)

সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, অবসর গ্রহণের পর সরকারী কর্মচারীদের চাকরিতে পুনরায় নিয়োগ করা হবে না। সংস্থাপন মন্ত্রণালয় ৪ঠা মার্চ এ-মর্মে একটি নির্দেশ জারী করেছে।

নির্দেশে বলা হয়েছে: সাধারণভাবে চাকরিতে পুনর্নিয়োগ চাকরিরত কনিষ্ঠদের পদোন্নতিতে বাধা সৃষ্টি করে হতাশা ও নৈরাশ্য আনয়ন করে। তাই সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে সাধারণত কোন চাকরিতে পুনর্নিয়োগ করা হবে না। তবে কয়েকটি ক্ষেত্রে ব্যতিক্রম হিসেবে বিশেষ অবস্থায় পুনর্নিয়োগের প্রস্তাব বিবেচিত হবে। কিন্তু পুনর্নিয়োগ কনিষ্ঠদের পদোন্নতিতে কোন বাধার সৃষ্টি করবে না।

যেসব ক্ষেত্রে পুনর্নিয়োগ প্রস্তাব বিবেচিত হবে সেগুলো হলো—

(ক) প্রস্তাবিত পুনর্নিয়োগের পদটি কেবলমাত্র কারিগরি ধরনের হতে হবে। অ-কারিগরি পদের ক্ষেত্রে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## অবসরপ্রাপ্ত

(স্টাফ রিপোর্টার)

কেবল বিশেষ পরিস্থিতিতে স্বল্পতম পদে পুনর্নিয়োগ বিবেচিত হবে।

(খ) পুনর্নিয়োগ প্রস্তাবিত কর্মচারী চাকরির অত্যাবশ্যক হতে হবে।

(গ) শূন্য পদে নিযুক্ত করার মত কোন কর্মচারী পাওয়া যাচেছ না—এরূপ পরিস্থিতি হতে হবে।

(ঘ) পুনর্নিয়োগ কনিষ্ঠদের পদোন্নতিতে কোন বাধার সৃষ্টি করবে না। প্রস্তাবের সঙ্গে উক্ত পদ পূরণের (বিশেষ করে পদোন্নতির মাধ্যমে) নীতিমালার এক প্রস্থ এবং পরবর্তী কনিষ্ঠ তিনজন কর্মকর্তার প্রয়োজনীয় তথ্য সংযুক্ত করতে হবে।

(ঙ) পুনর্নিয়োগ প্রস্তাবের সঙ্গে অতঃপর উক্ত পদ পূরণের জন্যে গৃহীত ব্যবস্থার বিশদ বিবরণ সংযুক্ত থাকতে হবে।

নির্দেশে বলা হয়েছে—নির্দেশ জারী হওয়ার পর নির্দেশের পরিপন্থী কোন প্রস্তাব সংস্থাপন বা অন্য কোনো মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত বা বিবেচ্য হবে না।

নির্দেশে আরও জানান হয় যে, চাকরি হতে অবসর গ্রহণের পর পুনর্নিয়োগ সম্পর্কিত নিয়মাবলী সংস্থাপন বিভাগের ডিও নং ২৬-এমই (২), তারিখ ২৬-১০-৭৮ এর পত্রে সকলের অবগতির জন্যে প্রচার করা হয়েছে। তা সত্ত্বেও সংস্থাপন মন্ত্রণালয় সম্প্রতি পুনর্নিয়োগের প্রস্তাব বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত হয়েছে যার অধিকাংশই উল্লিখিত নীতিমালার পরিপন্থী।